

পরিক্রমা

জানুয়ারি - মার্চ ২০২৬



অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

পরিচ্রমা

জানুয়ারি - মার্চ ২০২৬



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd

সূচিপত্র

ক্রম	বিষয়বস্তু	পৃষ্ঠা
	প্রথম অংশ	
১	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও ডিভিশনাল প্রধানগণ	০৫
২	পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ ও অন্যান্য বিশেষ কার্যক্রম	০৬
২.১	বিএসইসির সাথে বিএমবিএর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ	০৬
২.২	‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫’ এর পুরস্কার প্রদান	০৭
২.৩	বিএসইসি’র সাথে পুঁজিবাজারের অংশীজনদের মাসিক সমন্বয় সভা	০৯
২.৪	বিএসইসির সাথে বিএপিএলসি এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ	১১
২.৫	বিএসইসির সাথে সিডিবিএল এর সভা	১২
২.৬	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (UNDP) এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর	১৩
২.৭	বিএসইসির সাথে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রতিনিধি দলের সভা	১৪
২.৮	ঈদ-উল-ফিতর ২০২৬ পরবর্তী অংশীজনদের সাথে বিএসইসি’র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান	১৫
২.৯	বিএসইসি’র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান	১৭
	দ্বিতীয় অংশ	
৩	ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স	১৯
৪	কর্পোরেট ফিন্যান্স	২০
৫	নিবন্ধন	২১
৬	সার্ভেইল্যান্স	২২
৭	সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ	২৫
৮	এনফোর্সমেন্ট	২৭
৯	আন্তর্জাতিক সম্পর্ক	২৮
১০	কর্পোরেট রিপোর্টিং	২৯
১১	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	৩১
১২	লিগ্যাল সার্ভিস বিভাগ	৩২
১৩	ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন	৩৩
১৪	ফিন্যান্সিয়াল লিটারেসি	৩৫
১৫	ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস	৩৬
১৬	কমোডিটি প্রোডাক্ট	৩৭
১৭	জনসংযোগ বিভাগ	৩৮
১৮	মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন	৩৯
১৯	স্টক এক্সচেঞ্জ এর লেনদেন সম্পর্কিত তথ্যাবলি	৪০



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৯৩ সালের ৮ই জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদাধীনে আনুষঙ্গিক বিধিবিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন এবং সে অনুসারে বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব মুঃ মোহসিন চৌধুরী, জনাব মোঃ আলী আকবর, জনাব ফারজানা লালারঞ্খ এবং জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ।

প্রথম অংশ

১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

ক্রম	নাম	দায়িত্বপ্রাপ্ত বিভাগ
১	জনাব মো: আনোয়ারুল ইসলাম	ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন ডেরিভেটিভস ডিভিশন
২	জনাব এম হাছান মাহমুদ	ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন কর্পোরেট ফিন্যান্স ডিভিশন
৩	জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী	ল' ডিভিশন
৪	জনাব কামরুল আনাম খান, এফসিএমএ	চীফ একাউন্টেন্ট ডিভিশন ইন্টারন্যাশনাল অডিট অ্যান্ড কমপ্লায়েন্স ডিভিশন
৫	জনাব মোহাম্মদ রেজাউল করিম	সাময়িক বহিস্কৃত
৬	জনাব মোহাম্মদ শফিউল আজম	অ্যাডমিন অ্যান্ড ফাইন্যান্স ডিভিশন
৭	জনাব রিপন কুমার দেবনাথ	এনফোর্সমেন্ট ডিভিশন
৮	জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী	মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন
৯	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম	মার্কেট অ্যান্ড ইন্টারমিডিয়েরিজ অ্যাফেয়ার্স ডিভিশন আর অ্যান্ড ডি ডিভিশন

২. পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ ও অন্যান্য বিশেষ কার্যক্রম:

২.১ বিএসইসির সাথে বিএমবিএর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ

২০২৬ সালের ০৭ জানুয়ারি রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন। এসময় পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

সভায় বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) এর নবনির্বাচিত নির্বাহী কমিটিকে বিএসইসির পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয় এবং পুঁজিবাজারের কল্যাণে একসাথে কাজ করার আহ্বান জানানো হয়।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ বলেন, “বিএমবিএ এর অন্যতম দায়িত্ব হলো ইস্যু ম্যানেজমেন্ট, আন্ডাররাইটিং ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট। বিএসইসি ও বাজার সংশ্লিষ্টদের প্রচেষ্টা ও পরিশ্রমের ফলস্বরূপ সম্প্রতি আইপিও রুলস গেজেটে প্রকাশিত হয়ে কার্যকর হয়েছে। আইপিও রুলস যুগোপযোগি হওয়ার মাধ্যমে পুঁজিবাজারে ভালো নতুন কোম্পানি নিয়ে আসার সুযোগ ও সম্ভাবনা বহুগুণে বৃদ্ধি পেয়েছে। বিএসইসি আশা করে যে, বিএমবিএ ও এর সদস্য ইস্যু ম্যানেজাররা ভালো কোম্পানিসমূহকে পুঁজিবাজারে নিয়ে আসতে কাজ করবেন। এক্ষেত্রে বিএসইসি বরাবরই ইতিবাচক মনোভাব রাখে এবং পুঁজিবাজারে ভালো কোম্পানির তালিকাভুক্তি নিশ্চিত বিএসইসি সব রকমের সহায়তা করবে।” তিনি পুঁজিবাজারে ক্যাপিটাল ফরমেশন, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ও কর্পোরেট অ্যাডভাইজরিসহ বিভিন্ন ক্ষেত্রে মার্চেন্ট ব্যাংকসমূহের সক্ষমতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। মার্চেন্ট ব্যাংকসমূহের সক্ষমতা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন হলে বিনিয়োগকারীসহ বাজার সংশ্লিষ্ট সকলকে পুঁজিবাজারের প্রতি আরো আকৃষ্ট ও আগ্রহী করবে বলে উল্লেখ করেন।

বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ বলেন, প্রতিটি মার্চেন্ট ব্যাংক এবং মার্চেন্ট ব্যাংকসমূহের সংগঠনের তথ্যবহুল ওয়েবপেজ ও ওয়েবপোর্টাল থাকা প্রয়োজন। প্রকৃত তথ্য সম্বলিত ওয়েবপেজ ও ওয়েবপোর্টাল বিনিয়োগকারীসহ বাজার সংশ্লিষ্টদের পুঁজিবাজারে সচেতনতা সৃষ্টি করে তাদের আরো উপযোগী করবে।

বেলা ১১:০০ টায় বিএসইসি ভবনে কমিশন সভা কক্ষে বিএসইসি'র চেয়ারম্যান ও সকল কমিশনারবৃন্দ এবং বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) এর নির্বাহী কমিটির সকল সদস্যের উপস্থিতিতে সভা শুরু হয়। উক্ত সভায় বিএমবিএ এর সভাপতি ইফতেখার আলম, সাধারণ সম্পাদক সুমিত পোদ্দার, সহ-সভাপতি মো. মনিরুল হক, কোষাধ্যক্ষ সৈয়দ রাশেদ হুসাইন, সদস্য গাজী মোহাম্মদ তারেক, সদস্য সুমন কুমার কুড়ু, সদস্য মো. সোহেল হক অংশগ্রহণ করেন।



বিএসইসির সাথে বিএমবিএর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ

২.২ ‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫’ এর পুরস্কার প্রদান

‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫’ এর পুরস্কার প্রদান অনুষ্ঠান ২০২৬ সালের ১৫ জানুয়ারি, বৃহস্পতিবার বিকাল ০৩:৩০ ঘটিকায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি’র মাল্টিপারপাস হলে (২য় তলায়) অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। কমিশনের কমিশনারবৃন্দ, ‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫’ এর জুরিবোর্ড সদস্যবৃন্দ, কমিশনের নির্বাহী পরিচালকবৃন্দ ও পরিচালকবৃন্দসহ অনেকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার মুঃ মোহসিন চৌধুরী। তিনি অনুষ্ঠানে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে স্বাগত জানান। তিনি বলেন, “বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ প্রোগ্রামের মূল উদ্দেশ্য হলো দেশের পুঁজিবাজার বিষয়ে স্বচ্ছ, দায়িত্বশীল, গবেষণানির্ভর নৈতিক সাংবাদিকতাকে উৎসাহিত ও স্বীকৃতি প্রদান করা। এ উদ্যোগের মাধ্যমে সাংবাদিকদের পেশাগত মানোন্নয়ন, বিশ্লেষণী সক্ষমতা বৃদ্ধি, তথ্যের সঠিকতা নিশ্চিতকরণ এবং গণসচেতনতা সৃষ্টিকে আরও শক্তিশালী করা এটাই এই প্রোগ্রামের লক্ষ্য। পাশাপাশি, পুঁজিবাজারের স্থিতিশীলতা, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং একটি জবাবদিহিমূলক ও উন্নত পুঁজিবাজার ব্যবস্থার বিকাশে সাংবাদিকদের ইতিবাচক ও গঠনমূলক ভূমিকা আরও সুসংহত করা এই উদ্যোগের অন্যতম উদ্দেশ্য।” তিনি আরো উল্লেখ করেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন গঠনমূলক, দায়িত্বশীল ও অনুসন্ধানী সাংবাদিকতাকে উৎসাহিত করে এবং এ উদ্দেশ্যে যেসব সাংবাদিক কাজ করছেন ‘বিএসইসি’ সবসময় তাদের পাশে থাকবে।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। তিনি বলেন, “বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫” এর পুরস্কার প্রদান অনুষ্ঠানে সমবেত হয়েছি যে উদ্যোগের লক্ষ্য শুধুমাত্র পুরস্কৃত করা নয়, বরং দায়িত্বশীল, গবেষণাভিত্তিক, নৈতিক ও প্রভাবশালী সাংবাদিকতাকে স্থায়ীভাবে উৎসাহিত করা। তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, “এই অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ কেবল অনুপ্রেরণা নয়, বরং দায়িত্ববোধ আরও শক্তিশালী করবে। আমরা চাই আপনারা আরও স্বাধীন, শক্তিশালী, গবেষণানির্ভর হোন। আমরা চাই গণমাধ্যম হোক পুঁজিবাজারের শক্তিশালী ও নৈতিক অংশীদার। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সবসময়ই দায়িত্বশীল সাংবাদিকতার পাশে থাকবে স্বচ্ছতা, তথ্যপ্রাপ্তি, সহযোগিতা ও জ্ঞানবিনিময়ে আমরা আগামীতেও আপনারদের সঙ্গে কাজ করতে চাই। পুঁজিবাজার উন্নয়নে আমরা যে সংস্কার, আধুনিকায়ন ও উন্নয়ন যাত্রা এগিয়ে নিচ্ছি সেই যাত্রায় সাংবাদিকতাকে আমরা শক্তিশালী সহযোদ্ধা হিসেবে দেখি। সকল আবেদনকারী সাংবাদিকদের প্রতি আন্তরিক শুভকামনা। যারা বিজয়ী হয়েছেন তাদের অভিনন্দন। যারা হননি তাদের প্রচেষ্টা ও অবদানও সমানভাবে মূল্যবান। আপনারাই পুঁজিবাজার সাংবাদিকতার শক্তি, আপনারাই আগামী দিনের রোল মডেল।”

এছাড়াও ‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫’ এর সম্মানীত জুরিবোর্ড সদস্যবৃন্দ যথা: ড. এস এম শামীম রেজা (অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়), আল-আমিন (সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়), এস এম গোলাম সামদানী ভূঁইয়া (প্রাক্তন প্রেসিডেন্ট, ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম), মোঃ আনোয়ারুল ইসলাম (নির্বাহী পরিচালক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন) ও মোঃ রিজভী আহমেদ (ফ্যাকাল্টি গ্রেড-৪, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস) এবং প্রত্যেক ক্যাটাগরির বিজয়ী অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

পুঁজিবাজারে কর্মরত সাংবাদিকদের ‘প্রিন্ট মিডিয়া’, ‘ইলেক্ট্রনিক মিডিয়া’ ও ‘অনলাইন মিডিয়া’-এই তিনটি ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়। প্রতিটি ক্যাটাগরিতে একজন মূল বিজয়ীর পাশাপাশি দুইজনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়। বিএসইসি’র চেয়ারম্যান ও কমিশনারবৃন্দ পুরস্কারপ্রাপ্তদের হাতে ক্রেস্ট ও চেক তুলে দেন। মূল বিজয়ীকে ২ লক্ষ ৫০ হাজার টাকার চেক ও ক্রেস্ট এবং বিশেষ পুরস্কার প্রাপ্তদের ১ লক্ষ টাকার চেক ও ক্রেস্ট প্রদান করা হয়।

প্রিন্ট মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন আহসান হাবিব (সিনিয়র রিপোর্টার, দৈনিক ডেইলি স্টার) এবং বিশেষ পুরস্কার পেয়েছেন এম এ জলিল মুন্না (স্টাফ রিপোর্টার, দৈনিক ইত্তেফাক) ও আনোয়ার ইব্রাহিম (সিনিয়র রিপোর্টার, দৈনিক সমকাল)।

ইলেক্ট্রনিক মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন তৌহিদুল ইসলাম (সিনিয়র ব্রডকাস্ট জার্নালিস্ট, ইনডিপেন্ডেন্ট টেলিভিশন) এবং বিশেষ পুরস্কার পেয়েছেন মোঃ আতাউর রহমান (রিপোর্টার, এখন টেলিভিশন) ও আলমগীর হোসেন (সিনিয়র রিপোর্টার, যমুনা টেলিভিশন)।



অনলাইন মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন এসএম নুরুজ্জামান তানিম (সিনিয়র রিপোর্টার, রাইজংবিডি ডট কম) এবং বিশেষ পুরস্কার পেয়েছেন মোঃ আবু সাঈদ (সিনিয়র রিপোর্টার, জাগোনিউজ টোয়েন্টিফোর ডট কম) ও এস.এম.এ কালাম (সিনিয়র কorespondent, বাংলানিউজ টোয়েন্টিফোর ডট কম)।



ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫' এর পুরস্কার প্রদানের অংশ বিশেষ

২.৩ বিএসইসি'র সাথে পুঁজিবাজারের অংশীজনদের মাসিক সমন্বয় সভা

২০২৬ সালের ১৮ জানুয়ারি তারিখে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে পুঁজিবাজার অংশীজনদের ৫ম মাসিক সমন্বয় সভা রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে বেলা ১০:৩০ ঘটিকায় শুরু হয়। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ এবং পুঁজিবাজার অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনের শীর্ষ প্রতিনিধিবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন। সভায় অংশীজনদের সাথে পুঁজিবাজারের বর্তমান অবস্থাসহ পুঁজিবাজারের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উন্মুক্ত আলোচনা হয়।

বিএসইসি-কে অধিকতর শক্তিশালীকরণ ও পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গঠিত কমিটির সভাপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী সভায় বক্তব্য রাখেন। তিনি বলেন, “চিহ্নিত প্রতিবন্ধকতা বা সমস্যাগুলো সমাধানে কাজ করতে হবে এবং এগিয়ে যেতে হবে। সমাধানের জন্য সকলকে সহযোগী হয়ে একসাথে কাজ করতে হবে। অংশীজন সভা এজন্যই এবং এধরনের মেকানিজম চালু করতে পেরেছি বলে ভালো লাগছে।” সকলের সহযোগিতা ও মতামতের ভিত্তিতে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত নিয়ে সেটি বাস্তবায়নের উপর জোর দেন তিনি। সমাপ্ত বছরে সকলের প্রচেষ্টায় ও সহযোগীতায় সংস্কার সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি বিদ্যমান চিহ্নিত প্রতিবন্ধকতা দ্রুত সমাধান করার নির্দেশনা দেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনায় লক্ষ্য স্থির করে পুঁজিবাজার উন্নয়নে বাজার সংশ্লিষ্টদের কাজ করার আহ্বান জানান।

সভায় অন্যান্যের মধ্যে পুঁজিবাজার উন্নয়ন ও সংস্কারের উদ্যোগসমূহ, ‘বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫’, ‘বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন মিউচুয়াল ফান্ড বিধিমালা, ২০২৫’, ‘Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025’, পুঁজিবাজারের উন্নয়নে ৫ বছর মেয়াদি পরিকল্পনা গ্রহণ, নতুন পণ্য আনয়ন, রোড শো, e-KYC'র মাধ্যমে গ্রাহকের তথ্য সংগ্রহ ও অনলাইনে বিও অ্যাকাউন্ট খোলা, কমোডিটি এক্সচেঞ্জ চালুকরণ, পুঁজিবাজারের প্রতিষ্ঠানসমূহের মধ্যে এপিআই কানেকটিভিটি বৃদ্ধি, পুঁজিবাজারে রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও বহুজাতিক কোম্পানিগুলোকে তালিকাভুক্তকরণ, মার্জার ও একুইজিশন, মিউচুয়াল ফান্ড খাতের উন্নয়ন, পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, সিসিবিএল এর রেজিস্ট্রেশন ও অপারেশনে আনয়ন, মার্চেন্ট ব্যাংকের কাজের পরিধি বৃদ্ধিকরণ, বিনিয়োগ শিক্ষার প্রসার ও বিকাশ, দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা ও পুঁজিবাজার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্যোগে জেলা ও উপজেলা প্রশাসনকে সম্পৃক্তকরণ, বাংলাদেশ টেলিভিশনে পাক্ষিক ভিত্তিতে বিনিয়োগ শিক্ষার উপর অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি, বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় উদ্যোগ গ্রহণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান মহোদয় পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নে কমিশনের উদ্যোগ-কার্যক্রমের বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, “মার্জিন বিধিমালা, ২০২৫; মিউচুয়াল ফান্ড বিধিমালা, ২০২৫ ও পাবলিক অফার অব ইকুইটি সিকিউরিটিজ রুলস, ২০২৫; এ তিনটি রুলস পুঁজিবাজারের সংস্কারের পথে আমাদের প্রধানতম তিনটি কাজ এবং আমরা ২০২৫ সালের মধ্যেই এগুলো সম্পন্ন করেছি। এর মাধ্যমে পুঁজিবাজারের আইনী সংস্কারের বড় অংশ সম্পন্ন হয়েছে। পুঁজিবাজারের হৃদপৃষ্ঠ-(heart) আইপিও। ‘পাবলিক অফার অব ইকুইটি সিকিউরিটিজ রুলস, ২০২৫’ এর মাধ্যমে বাজারে নতুন আইপিও আসার পথ সুগম হয়েছে। এই সুযোগকে কাজে লাগানোর সময় এখনই। এজন্য বাজার সংশ্লিষ্টদের কাজ করতে হবে।” তিনি পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কার কাজে মাননীয় প্রধান উপদেষ্টা, অর্থ উপদেষ্টা ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী মহোদয়ের সহায়ক ভূমিকার কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। সর্বোপরি, পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের ক্ষেত্রে বাজার অংশীজনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) এর চেয়ারম্যান মমিনুল ইসলাম, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) মোঃ ওয়াহিদ-উজ-জামান, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর প্রেসিডেন্ট সাইফুল ইসলাম, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশের (আইসিবি) এর ব্যবস্থাপনা পরিচালক নিরঞ্জন চন্দ্র দেবনাথ, ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল মোতালেব, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) আ স ম খায়রুজ্জামান, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ) এর সভাপতি ইফতেখার আলম, সাধারণ সম্পাদক সুমিত পোদ্দার ও কোষাধ্যক্ষ সৈয়দ রাশেদ হুসাইন, ডিএসই'র পরিচালক মিনহাজ মান্নান ইমন, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসির সিইও মোঃ আল আমিন তালুকদার, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব



বাংলাদেশ (ডিবিএ) এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. মনিরুজ্জামান, ডিএসই'র ভারপ্রাপ্ত চিফ রেগুলেটরি অফিসার (CRO) মোহাম্মদ শফিকুল ইসলাম ভূইয়া, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই)'র চিফ রেগুলেটরি অফিসার (CRO) মোহাম্মদ মাহাদি হাসান ও ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) হাসনাইন বারী, সিডিবিএল এর সিএফও মুহাম্মদ শহিদুল ইসলাম, বিএসইসির নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দসহ অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন।



সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি এবং পুঁজিবাজারের অংশীজনদের মধ্যকার সমন্বয় সভায় উপস্থিত সদস্যবৃন্দ

২.৪ বিএসইসির সাথে বিএপিএলসি এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ

২০২৬ সালের ১৯ জানুয়ারি রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন। এসময় পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

অনুষ্ঠিত সভায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর নবনির্বাচিত নির্বাহী কমিটিকে বিএসইসি'র পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয় এবং দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে একসাথে কাজ করার আহ্বান জানানো হয়।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ অন্যায়ের মধ্যে বলেন, “পুঁজিবাজারের গুরুত্বপূর্ণ অংশীজন হলো বিএপিএলসি। পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারের ক্ষেত্রে বিএপিএলসির ভূমিকা (role) বিশেষভাবে গুরুত্বপূর্ণ।” তিনি পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং শেয়ারহোল্ডার তথা বিনিয়োগকারীদের স্বার্থের সুরক্ষা নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করেন। দেশ, দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের স্বার্থে অবস্থান থেকে সকলকে সঠিক কাজটি করতে হবে এবং যথাযথ দায়িত্ব পালন করতে হবে বলে উল্লেখ করেন। পুঁজিবাজারের কল্যাণে ও উন্নয়নে বিএসইসি বরাবরই তৎপর রয়েছে এবং এক্ষেত্রে অংশীজনদের সবরকম সহায়তা করবে।

বেলা ১০:০০ টায় বিএসইসি ভবনে কমিশন সভা কক্ষে বিএসইসি'র চেয়ারম্যান ও সকল কমিশনারবৃন্দ এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর নির্বাহী কমিটির সদস্যের উপস্থিতিতে সভা শুরু হয়। উক্ত সভায় বিএপিএলসি'র সভাপতি ও ন্যাশনাল পলিমা ইন্ডাস্ট্রিজ পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক রিয়াদ মাহমুদ এবং বিএপিএলসি'র নির্বাহী কমিটির সদস্য- এনার্জিপ্যাক পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও হুমায়ুন রশিদ, এশিয়া ইন্স্যুরেন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. ইমাম শাহীন, প্রভাতী ইন্স্যুরেন্সের ব্যবস্থাপনা পরিচালক মো. জাহিদুল ইসলাম, ইস্টার্ন ইন্স্যুরেন্সের প্রধান নির্বাহী কর্মকর্তা হাসান তারেক, জিকিউ বলপেন ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক উজ্জ্বল কুমার সাহা, রবি আজিয়াটার পরিচালক শরীফ শাহ জামাল রাজ, ন্যাশনাল হাউজিং ফাইন্যান্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ শামসুল ইসলাম, সামিট পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল (অব.) ড. মনিরুল ইসলাম আখন্দ, চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্সের পরিচালক মো. শরীফ হাসান, ডেল্টা লাইফ ইন্স্যুরেন্সের পরিচালক জিয়াদ রহমান এবং বিএপিএলসি'র সেক্রেটারি জেনারেল মোঃ আমজাদ হোসেন অংশগ্রহণ করেন।



বিএসইসি'র চেয়ারম্যান মহোদয়ের সাথে বিএপিএলসি এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ

২.৫ বিএসইসি'র সাথে সিডিবিএল এর সভা

২০২৬ সালের ২১ জানুয়ারি বেলা ১০:৩০ টায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে কমিশন সভা কক্ষে বিএসইসি'র সাথে সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ সভাপতিত্ব করেন এবং সিডিবিএল এর পক্ষে সিডিবিএল এর চেয়ারম্যান তপন চৌধুরী নেতৃত্ব দেন। এসময় পুঁজিবাজারের অটোমেশন, পুঁজিবাজারের কাঠামোগত আধুনিকায়ন, কেওয়াইসি সিস্টেম ডেভেলপমেন্ট, সার্ভেইল্যান্স যুগোপযোগীকরণ, প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ বলেন, “পুঁজিবাজারে ভালো ও মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানিসমূহকে তালিকাভুক্ত করতে হবে। নতুন আইপিও রুলসের মাধ্যমে আরো বেশি প্রফেশনাল ও বিশ্বমানের পদ্ধতিতে প্রাইস ডিসকভারির সুযোগ তৈরি হয়েছে। পুঁজিবাজারে বিভিন্ন ক্ষেত্রে সিডিবিএল এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। কেওয়াইসি সিস্টেম ডেভেলপমেন্ট ও সার্ভেইল্যান্স যুগোপযোগীকরণসহ পুঁজিবাজারের উন্নয়নে সিডিবিএলকে লিডারশিপ রোলে দেখতে চায় বিএসইসি।” তিনি পুঁজিবাজারে উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নে সিডিবিএল সক্রিয় অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন। মিউচুয়াল ফান্ড খাতের উন্নয়নের জন্য সিডিবিএলকে কাস্টডিয়ানের মতো নতুন ভূমিকায়ও কমিশন দেখতে চায় বলে উল্লেখ করেন।

অনুষ্ঠিত সভায় সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর চেয়ারম্যান তপন চৌধুরী বলেন, “দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য কোম্পানিগুলোর পুঁজিবাজারে আসা উচিত। পুঁজিবাজারের উন্নয়নে সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে।”

বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিডিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবদুল মোতালেব, সিডিবিএল এর চিফ ফিন্যান্সিয়াল অফিসার ও কোম্পানি সচিব মোহাম্মদ শহীদুল ইসলাম, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে সিডিবিএল-এর সভা

২.৬ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (UNDP) এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর।

২০২৬ সালের ২৮ জানুয়ারি রোজ বুধবার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (United Nations Development Programme) এর মধ্যে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষরিত হয় এবং কৌশলগত আলোচনা (strategic discussion) অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁওস্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ভবনে দুপক্ষের মধ্যে 'Sustainable Finance Collaboration' শীর্ষক সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত হয়। বিএসইসি'র পক্ষে চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ (Khondoker Rashed Maqsood) এবং ইউএনডিপি বাংলাদেশের পক্ষে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (United Nations Development Programme) বাংলাদেশের আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার (Stefan Liller) সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময় জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (United Nations Development Programme) বাংলাদেশের প্রোগ্রাম স্পেশালিস্ট ড. মালিহা মুজাম্মিল, কান্ডি ইকোনমিক অ্যাডভাইজার ওয়াইস প্যারে (Owais Parray) এবং বিএসইসির কমিশনার মোঃ আলী আকবর, ফারজানা লালারুখসহ উভয় প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সমঝোতা স্মারকের অধীনে ইউএনডিপি বাংলাদেশ কমিশন কর্তৃক টেকসই অর্থায়ন/বিনিয়োগ ট্যাক্সোনোমি প্রবর্তন, থিমেটিক বন্ড ইস্যুয়ারদের ইস্যুপূর্ব থেকে ইস্যু পরবর্তী সময়ে কারিগরি সহায়তা প্রদান, কমিশন ও অন্যান্য স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদান, উদীয়মান অর্থনীতির দেশসমূহে থিমেটিক বন্ড সংক্রান্ত অভিজ্ঞতা বিনিময়, থিমেটিক বন্ডের মাধ্যমে সংগৃহীত অর্থের যথাযথ ব্যবহার, প্রজেক্ট পর্যবেক্ষণ এবং বন্ড সংক্রান্ত রিপোর্টিং-এ সক্ষমতা বৃদ্ধিকরণ, আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সংগতিপূর্ণ প্রভাব পরিমাপ (Impact Measurement) ও ব্যবস্থাপনা (Management) ফ্রেমওয়ার্ক প্রবর্তন, তৃতীয় পক্ষীয় সত্যায়ন (verification) ব্যবস্থার বিকাশ, থিমেটিক বন্ড ইস্যুয়ারদের ঝুঁকি নিরসন এবং সর্বোপরি গ্রীন, সোশ্যাল, ক্লাইমেট, টেকসই (Sustainable) এসডিজি, ইত্যাদি থিম্যাটিক বন্ড ইস্যুর মাধ্যমে স্বল্পোন্নত দেশ থেকে মধ্যম আয়ের দেশে উন্নীতের পাশাপাশি দীর্ঘমেয়াদী টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কারিগরি সহায়তা প্রদানে কাজ করবে ইউএনডিপি বাংলাদেশ।

অনুষ্ঠানে বিএসইসি' চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ বলেন, “নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বিএসইসি বাজার ব্যবস্থাপনার ধারাবাহিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। সুশাসন জোরদার, স্বচ্ছতা বৃদ্ধি এবং বিনিয়োগকারীদের আস্থা সুদৃঢ় করার মাধ্যমে আমরা একটি শক্তিশালী ও বিশ্বাসযোগ্য বাজার কাঠামো গড়ে তুলতে কাজ করছি। ইউএনডিপি ও অন্যান্য অংশীজনের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে বিএসইসি একটি সহায়ক, পূর্বাভাসযোগ্য (Predictable) ও দৃঢ় নিয়ন্ত্রক পরিবেশ নিশ্চিত করতে সচেষ্ট থাকবে।” এছাড়াও তিনি দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজারকে প্রতিষ্ঠিতকরণ, বন্ড মার্কেটের উন্নয়ন, থিম্যাটিক বন্ড এর বিকাশ ইত্যাদির উপর গুরুত্বরোপ করেন।

অনুষ্ঠানে ইউএনডিপি বাংলাদেশের রেসিডেন্ট রিপ্রেজেন্টেটিভ স্টেফান লিলার বলেন, “বাংলাদেশের পুঁজিবাজারে থিম্যাটিক বন্ডের মাধ্যমে উচ্চ প্রভাবসম্পন্ন পরিবেশগত ও সামাজিক বিনিয়োগে দীর্ঘমেয়াদি পুঁজি আহরণের বিপুল সম্ভাবনা রয়েছে। গত এক দশকের অর্থনৈতিক গতি বজায় রাখা, স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণ এবং মধ্যম আয়ের ফাঁদ এড়াতে জলবায়ু-সম্পর্কিত ক্রমবর্ধমান ঝুঁকি মোকাবিলাসহ বিভিন্ন খাতে বিনিয়োগ বৃদ্ধি অত্যন্ত জরুরি। থিম্যাটিক বন্ড এসব ক্ষেত্রে দেশীয় ও আন্তর্জাতিক পুঁজি আহরণে অনুঘটকের ভূমিকা রাখতে পারে। বিএসইসির সঙ্গে এই অংশীদারিত্বের মাধ্যমে ইউএনডিপি বাংলাদেশের থিম্যাটিক বন্ড বাজারের সহায়ক পরিবেশ শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ।”



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (UNDP) এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর।

২.৭ বিএসইসির সাথে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রতিনিধি দলের সভা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রতিনিধিদলের মধ্যে ২০২৬ সালের ৯ মার্চ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। সভায় বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, পরিচালক মোঃ আবুল কালাম, যুগ্ম-পরিচালক সৈয়দ মুহাম্মদ গোলাম মাওলাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এডিবি'র প্রতিনিধিদলের নেতৃত্ব দেন Manohari Gunawardhena, সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট এবং মিশন লিডার, ফাইন্যান্স সেক্টর অফিস (SD3-FIN)। প্রতিনিধিদলে আরও ছিলেন Mohammad Rashed Al Hasan, সিনিয়র প্রজেক্ট অফিসার (ফিন্যান্সিয়াল সেক্টর), SD3-FIN I Azizul Quadir, প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট অফিসার, SARD।

সভায় বাংলাদেশের পুঁজিবাজারের বর্তমান অবস্থা, চ্যালেঞ্জ এবং উন্নয়ন সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উল্লেখ করা হয় যে, বিএসইসি দীর্ঘমেয়াদে পুঁজিবাজারের টেকসই উন্নয়নের লক্ষ্যে একটি সমন্বিত Capital Market Diagnostic সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী তিন বছরের মধ্যে দেশের জিডিপি'র তুলনায় পুঁজিবাজারের আকার বর্তমান প্রায় ১০ শতাংশ থেকে কমপক্ষে ৪০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নিয়ে কমিশন কাজ করেছে। এ লক্ষ্য অর্জনের জন্য বৃহৎ আকারের কোম্পানি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের পুঁজিবাজারে আকৃষ্ট করার বিষয়ে কর ও অন্যান্য নীতিগত সংস্কারের বিষয়েও সভায় আলোচনা হয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে পুঁজিবাজারকে ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সিকিউরিটিজ কমিশনস (IOSCO)-এর সুশাসন নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ করার উদ্যোগের কথাও সভায় উল্লেখ করা হয়। স্বল্পমেয়াদে কমিশনের কার্যক্রমে ডিজিটাইজেশন ও অটোমেশন বাড়ানোর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছে। পাশাপাশি দক্ষ জনবল বৃদ্ধি এবং বাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধির লক্ষ্যে বন্ড গ্যারান্টি ফান্ডের মতো নিরাপত্তা ব্যবস্থা চালুর বিষয়েও আলোচনা হয়। সভায় পুঁজিবাজারে বড় ঋণগ্রহীতাদের অংশগ্রহণ বাড়াতে একটি যৌথ কাঠামো তৈরির বিষয়েও আলোচনা হয়, যেখানে বিএসইসি ও বাংলাদেশ ব্যাংক সমন্বিতভাবে কাজ করবে। বড় ঋণগ্রহীতাদের পুঁজিবাজারে অর্থায়নের সুযোগ বাড়ানোর বিষয়টি বিবেচনায় আনা হয়েছে। এছাড়া বাজারে বৃহৎ কোম্পানিগুলোকে তালিকাভুক্ত করতে উৎসাহিত করার জন্য বিএসইসি তার আইনি ক্ষমতার আওতায় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়েও সভায় আলোচনা হয়েছে এবং এ ক্ষেত্রে বড় বাজার অংশীদারিত্বসম্পন্ন কোম্পানিগুলোর একটি অংশের শেয়ার পুঁজিবাজারে তালিকাভুক্ত করার জন্য প্রণোদনা প্রদানের বিষয়টিও বিবেচনায় রয়েছে। সভায় বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়নে বিভিন্ন অগ্রাধিকারভিত্তিক সংস্কার কর্মসূচি বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদানের আগ্রহ প্রকাশ করে এডিবি। বিশেষ করে একটি কার্যকর বন্ড গ্যারান্টি ফান্ড গঠনের জন্য সম্ভাব্য মডেল নির্ধারণে সমীক্ষা পরিচালনা এবং বাস্তবায়নের জন্য উপযুক্ত সরকারি প্রতিষ্ঠান চিহ্নিত করতে সহায়তা দেয়ার বিষয়েও এডিবি আগ্রহ ব্যক্ত করে। সভায় উভয় পক্ষ বাংলাদেশের পুঁজিবাজারকে আরও শক্তিশালী, স্বচ্ছ ও বিনিয়োগবান্ধব হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যতে যৌথভাবে কাজ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

২.৮ ঈদ-উল-ফিতর ২০২৬ পরবর্তী অংশীজনদের সাথে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান

ঈদ-উল-ফিতর ২০২৬ পরবর্তী ২৯ মার্চ ২০২৬ তারিখে পুঁজিবাজারের অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের সাথে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। সকাল ১১:০০ ঘটিকায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার মোঃ আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ ও কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ-সহ পুঁজিবাজারের অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের প্রতিনিধিবৃন্দ এবং বিএসইসি'র শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ দেশের পুঁজিবাজারের অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের প্রতিনিধিবৃন্দসহ সকলের সাথে সৌজন্য সাক্ষাৎ ও ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে বিএসইসি চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ পুঁজিবাজার অংশীজনদের সকলকে সাথে নিয়ে প্রানবন্ত ও টেকসই পুঁজিবাজার গড়ার লক্ষ্যে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। একইসাথে তিনি দেশের পুঁজিবাজার ও অর্থনীতির সার্বিক উন্নতি ও মঙ্গল কামনা করেন।



বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের সাথে পুঁজিবাজারের অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের প্রতিনিধিবৃন্দের সৌজন্য সাক্ষাৎ ও ঈদ শুভেচ্ছা বিনিময়

এসময় ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (CSE), সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL), সেন্ট্রাল কাউন্টারপার্ট বাংলাদেশ লিমিটেড (CCBL), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC), ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB), ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (DBA), বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (BMBA), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (BAPLC), অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ (ABB), দি ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (ICAB), দ্য ইনস্টিটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (ICMAB), ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB), এশীয় উন্নয়ন ব্যাংক (ADB), সিএফএ সোসাইটি, দেশের শীর্ষ সংবাদমাধ্যমের সম্পাদকবৃন্দ ও পুঁজিবাজার বিটের সাংবাদিকদের সংগঠন ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম (CMJF) এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ, বিএসইসি'র গঠিত তদন্ত কমিটি ও পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সদস্যবৃন্দ এবং দেশের পুঁজিবাজারের শীর্ষস্থানীয় ২০টি ব্রোকার হাউজ, শীর্ষস্থানীয় মার্চেন্ট ব্যাংক, শীর্ষস্থানীয় ইস্যুয়ার কোম্পানি ও দেশের শীর্ষস্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দসহ পুঁজিবাজার অংশীজনদের অনেকে উপস্থিত ছিলেন।

২.৯ বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান

ঈদ-উল-ফিতর ২০২৬ পরবর্তী অদ্য ৩০ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সকল কর্মকর্তাবৃন্দ ও কর্মচারীবৃন্দের অংশগ্রহণে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বেলা ১২:০০ ঘটিকায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার মোঃ আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ ও কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ-সহ বিএসইসি'র সকল স্তরের কর্মকর্তাবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের শুরুতে বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার মোঃ আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ ও কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক, পরিচালক, অতিরিক্ত পরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালকসহ সকল গ্রেডের কর্মচারীবৃন্দ উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শেষাংশে দেশ ও জাতির সমৃদ্ধি ও সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। একইসঙ্গে দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের উন্নয়ন ও স্থিতিশীলতা এবং বিনিয়োগকারীদের কল্যাণ কামনায় দোয়া করা হয়।



চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের সাথে বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা/ কর্মচারীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়

দ্বিতীয় অংশ

০৩. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

সিএমআরআরসি বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

১. পুঁজিবাজার সংক্রান্ত আইনের খসড়া প্রস্তুতপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
২. পুঁজিবাজার সংক্রান্ত বিধি প্রণয়ন;
৩. পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পর্যায়ক্রমে আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন জারি;
৪. বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপিত পুঁজিবাজার সম্পর্কিত প্রশ্নের খসড়া জবাব প্রস্তুত;
৫. সংসদীয় স্থায়ী কমিটিতে অনুষ্ঠিত পুঁজিবাজার সম্পর্কিত সভার কার্যপত্র প্রস্তুত এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ; এবং
৬. বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর হতে প্রেরিত খসড়া আইন সম্পর্কে মতামত প্রদান।

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছে:

ক্রম	বিষয়	শ্রেণী বিভাগ	সূত্র
১	Dhaka Stock Exchange (Settlement of Dispute) Regulations, 2026 অনুমোদিত হয়েছে এবং গেজেটে প্রকাশের জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি-তে প্রেরণ করা হয়েছে।	প্রবিধানমালা	৫৩.০২.০০০০.০০০.২০২.২২.০৪১২.২২.১০ তারিখঃ ২৮ জানুয়ারি ২০২৬
২	Chittagong Stock Exchange (Settlement of Dispute) Regulations, ২০২৬ অনুমোদিত হয়েছে এবং গেজেটে প্রকাশের জন্য চিটাগাং স্টক এক্সচেঞ্জ পিএলসি-তে প্রেরণ করা হয়েছে।	প্রবিধানমালা	৫৩.০২.০০০০.০০০.২০২.২২.০৪১২.২২.১১ তারিখঃ ২৮ জানুয়ারি ২০২৬

০৪. কর্পোরেট ফিন্যান্স

দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। কমিশনের কর্পোরেট ফিন্যান্স ডিভিশন ইস্যুয়ার কর্তৃক পাবলিক অফার এবং প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইকুইটি এবং ডেট সিকিউরিটিজ ইস্যুর সম্মতি প্রদান সংক্রান্ত কর্মকান্ড সম্পাদন করে। এরূপ কাজ কোম্পানি ও প্রতিষ্ঠান সমূহের দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টি করে। এ বিভাগ তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু ও প্রাইভেট অফারের মধ্যে শেয়ার ইস্যু এবং স্বল্প মূলধনী কোম্পানিসমূহের কোয়ালিফাইড ইনভেস্টর অফারের মাধ্যমে শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ ডিভিশন করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা, ২০০১;
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪;
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (রাইটস ইস্যু) বিধিমালা, ২০০৬;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) বিধিমালা, ২০২১;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) বিধিমালা, ২০২২;
- নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৬/এডমিন/১৩৮, তারিখ: অক্টোবর ০৩, ২০২২; এবং
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০২৫।

ডেট সিকিউরিটিজ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) বিধিমালা, ২০২১ এর অধীনে কমিশন ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে ০৩ (তিন)টি কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে ১,৯৫৮.৫০ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	পরিমাণ (কোটি টাকা)		
		পাবলিক অফার (কোটি টাকা)	প্রাইভেট অফার (কোটি টাকা)	মোট অফার (কোটি টাকা)
জিরো কুপন বন্ড	০৩	-	১৯,৫৮৫,০০০,০০০	১৯,৫৮৫,০০০,০০০

ইস্যু অব ক্যাপিটাল

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা, ২০০১ এর অধীনে কমিশন ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে ০৪ (চার)টি কোম্পানিকে মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	পরিমাণ (কোটি টাকা)
বোনাস শেয়ার *	০১	২.৯৩
প্রিফারেন্স শেয়ার	০২	১৪৮৫.২৯
মার্জার এবং একুইজিশন	০১	০০.৩৪
মোট	০৪	১,৪৮৮.৫৬

*কমিশন নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৬/প্রশাসন/১৩৮; তারিখ: ০৩ অক্টোবর, ২০২২ অনুযায়ী প্রযোজ্য ইস্যুয়ার কোম্পানীর বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন বৃদ্ধির ক্ষেত্রে সম্মতি প্রদান করে।

০৫. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান, বাজার সৃষ্টিকারীর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে। এছাড়া, স্টক ব্রোকারের ডিজিটাল বুথ এবং স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের শাখা খোলার অনুমোদন প্রদান করে। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে নিবন্ধন বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

ক্রমিক নং	ইস্যুকৃত সনদের ধরণ	সংশ্লিষ্ট আইনের নাম	ইস্যুকৃত সনদের সংখ্যা	নবায়নকৃত সনদের সংখ্যা	স্টক ব্রোকার এর শাখা অফিস খোলার অনুমোদন	স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের অফিস স্থানান্তর/নাম পরিবর্তন	মন্তব্য
০১	স্টক ডিলার (ডিএসই)	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০	-	৮০	-	১টি স্টক ডিলার এর সনদের নাম পরিবর্তন ও নবায়ন করা হয়নি	১টি স্টক ডিলার সনদের নাম পরিবর্তন ও নবায়ন করা হয়নি
	স্টক ব্রোকার (ডিএসই)	-এ-	-	৮২	-	১টি স্টক ব্রোকার এর সনদের নাম পরিবর্তন ও নবায়ন করা হয়নি	১টি স্টক ব্রোকার সনদের নাম পরিবর্তন ও নবায়ন করা হয়নি
০২	স্টক ডিলার (সিএসই)	-এ-	-	১১	-		
	স্টক ব্রোকার (সিএসই)	-এ-	-	১৪	-		
০৩	অনুমোদিত প্রতিনিধি (ডিএসই)	-এ-		১৫৩	-		
০৪	অনুমোদিত প্রতিনিধি (সিএসই)	-এ-		১৬	-		
০৫	সম্পদ ব্যবস্থাপক	বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫	-	-	-		১টি এএমসি আবেদন নামঞ্জুর
০৬	ডিপজিটরি অংশগ্রহণকারী	ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩	-	১০২	-		
০৭	ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি	Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021	৩				
০৮	ডিজিটাল বুথের অনুমোদন	ডিরেকটিভ এর তারিখ ১৩ ডিসেম্বর ২০২০	১				

০৬. সার্ভেইল্যান্স

সার্ভেইল্যান্স কার্যক্রম

পুঁজিবাজারের স্বাভাবিক গতি ও প্রকৃতি প্রভাবিত করতে পারে এমন কোনো অনিয়ম, অসামঞ্জস্যপূর্ণ কার্যকলাপ বা অস্বাভাবিক ট্রেডিং প্যাটার্ন শনাক্ত করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্রমাগত সিকিউরিটিজ মার্কেট পর্যবেক্ষণ করে। তন্মধ্যে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম, অর্ডার প্রবাহ এবং মূল্য সংবেদনশীল তথ্য সমূহ অন্যতম। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করা ছাড়াও অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে থাকে। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট সিকিউরিটিজ আইনের সম্ভাব্য লঙ্ঘন, বাজার কারসাজি, ইনসাইডার ট্রেডিং এবং অন্যান্য প্রতারণামূলক কার্যকলাপ যা পুঁজিবাজারের স্বচ্ছতা ক্ষুণ্ণ করতে পারে তা পর্যবেক্ষণ করে এবং পুঁজিবাজারের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা ও স্বার্থ সংরক্ষণের জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করে। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট এর উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

১.০ পুঁজিবাজার পর্যবেক্ষণ ও তদারকি

দৈনন্দিন বাজার তদারকির অংশ হিসাবে পুঁজিবাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ অনুসন্ধানে “ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম” এর মাধ্যমে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ ইত্যাদি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় বিশ্লেষণ করা।

২.০ তথ্যের বুদ্ধিদীপ্ত কার্যক্রম

বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা নিরীক্ষার জন্য “ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট” সিস্টেমের ‘বিজনেস ইন্টেলিজেন্স’, স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বিচক্ষণ ব্যবহার নিশ্চিত করা।

৩.০ তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম

সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন প্রাথমিকভাবে নির্বাচনের পর তা বিশদভাবে চিহ্নিতকরণে প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করে। অতপর, কমিশনের অনুমোদন সাপেক্ষে সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট হতে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে তদন্ত ও অনুসন্ধান প্রস্তাব প্রেরণ করা অথবা স্টক এক্সচেঞ্জ এর মাধ্যমে তদন্ত অথবা অনুসন্ধান করে জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট এ প্রেরণ করা। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে কমিশনের অন্যান্য বিভাগ, ডিএসই, সিএসই ও অন্যান্য বিভাগ/সংস্থা বরাবর নিম্নোক্ত তালিকাভুক্ত কোম্পানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন লঙ্ঘন সংক্রান্ত তদন্ত কার্যক্রম সম্পাদনের জন্য জারিকৃত আদেশসমূহ নিম্নরূপ:

ক্রম	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	তদন্তকারী	পত্র/আদেশ জারির তারিখ
১.	Dominage Steel Building Szstems Limited-এর শেয়ারের সন্দেহজনক লেনদেনের তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৮ ফেব্রুয়ারী ২০২৬
২.	Asiatic Laboratories Limited (ASIATICLAB) -এর শেয়ারের সন্দেহজনক লেনদেনের তদন্ত সংক্রান্ত।	ডিএসই	২৯ মার্চ, ২০২৬
৩.	Fine Foods Limited (FINEFOODS) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	০৮ ফেব্রুয়ারী ২০২৬
৪.	BD Thai Food & Beverage Limited (BDTHAIFOOD) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	০২ মার্চ ২০২৬
৫.	Web Coats PLC. (WEBCOATS) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	০৩ মার্চ ২০২৬
৬.	MK Footwear PLC (MKFOOTWEAR) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	১৬ মার্চ ২০২৬

ক্রম	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	তদন্তকারী	পত্র/আদেশ জারির তারিখ
৭.	Mostafa Metal Industries Limited (MOSTFAMETL) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	২৯ মার্চ ২০২৬
৮.	Meghna Condensed Milk Industries Ltd. (MEGCONMILK) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	১৬ ফেব্রুয়ারী ২০২৬
৯.	Hami Industries Ltd. (HAMI) এর সন্দেহজনক শেয়ার লেনদেন।	ডিএসই	৩১ মার্চ, ২০২৬

৪.০ তদন্ত অথবা অনুসন্ধান প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ

কমিশনের অন্যান্য বিভাগ, ডিএসই, সিএসই ও অন্যান্য বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত নিম্নবর্ণিত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনসমূহ পর্যালোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে:

ক্রম	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	দাখিলকারী	প্রাপ্ত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনের কার্যক্রমের বর্তমান অবস্থা
০১	Pragati Life Insurance PLC. (PRAGATILIFE) এর শেয়ার লেনদেনের তদন্ত প্রতিবেদন।	ডিএসই	পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয়েছে।
০২	Prime Islami Life Insurance Ltd. (PRIMELIFE) এর শেয়ার লেনদেনের তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৩	City Insurance PLC. (CITYGENINS) এর শেয়ার লেনদেনের তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৪	Agro Organica PLC (AOPLC) এর শেয়ার লেনদেন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৫	BD Paints Limited (BDPAINTS) এর শেয়ার লেনদেন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৬	SEML Lecture Equity Management Fund (SEMLLECMF) এর শেয়ার লেনদেন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৭	Taufika Foods and Lovello Ice-cream PLC (LOVELLO) এর শেয়ার লেনদেন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৮	GQ Ball Pen Industries Limited -এর শেয়ারের মূল্য ও লেনদেনের পরিমাণের অস্বাভাবিক গতিবিধি বিষয়ে তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৯	Shasha Denims Limited-এর বিষয়ে অনলাইন পোর্টালে প্রকাশিত একটি সংবাদের ভিত্তিতে অনুসন্ধান প্রতিবেদন।	ডিএসই	ঐ

৫.০ অন্যান্য কার্যক্রম

- Shurwid Industries Limited-এর কোম্পানি প্রতিনিধিদের বিও সংক্রান্ত তথ্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ;
- BBS Cables Limited-এর সার্টিফিকেইট কেইস সংক্রান্ত বিনিয়োগকারীদের বিও তথ্যের বিবরণ সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লিগ্যাল সার্ভিসেস বিভাগে প্রেরণ;
- Emerald Oil Industries Limited-এর তদন্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রশাসন বিভাগকে তথ্য প্রেরণ;
- বিকন ফার্মাসিউটিক্যালস পিএলসি এবং বিকন গ্রুপ ও এর অধীনস্থ ও সহযোগী প্রতিষ্ঠানগুলোর ব্যক্তি সম্পর্কে তদন্ত কমিটিকে তথ্য প্রেরণ;
- দৈনন্দিন সিস্টেম হতে প্রাপ্ত এলার্টসমূহ, ট্রেড রিপোর্ট ও শেয়ার ক্রয়-বিক্রয় আদেশ পরিষ্কার-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ; এবং
- বিভিন্ন বিভাগ অথবা অনুসন্ধানকারী কমিটির চাহিদা মোতাবেক তথ্য প্রেরণ।

০৭. সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নে সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ (এসএমএমআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ সংক্রান্ত কাজ করে। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে এ বিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি

এসএমএমআই বিভাগ পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে। ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহার করে সহজেই যে কোন স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল এবং অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে অবহিত। সিসিএএম-এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে	অভিযোগ প্রাপ্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	প্রক্রিয়াধীন
স্টক ব্রোকার / স্টক ডিলার	১৩	৭	৬
মার্চেন্ট ব্যাংক	০	০	০
সম্পদ ব্যবস্থাপক কোম্পানি	০	০	০
সিকিউরিটিজ কাস্টডিয়ান	১	০	১
সিডিবিএল	১০	৬	৪
মোট	২৪	১৩	১১

সিসিএএম এর মাধ্যমে অভিযোগ দাখিল করার পাশাপাশি বিনিয়োগকারীগণ কমিশনে লিখিতভাবে দাখিলকৃত অভিযোগসমূহ নিম্নরূপ:

যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে	পূর্বের অনিষ্পত্তিকৃত অভিযোগ	বর্গিত সময়কালে অভিযোগ প্রাপ্তি	মোট অভিযোগ	ডিএসই ও সিএসই তে প্রেরণ	নিষ্পত্তিকৃত অভিযোগ	সিসিএএম-এ আপলোডকৃত	প্রক্রিয়াধীন
স্টক ব্রোকার / স্টক ডিলার	-	৯	৯	৬	১	২	০
মোট	-	৯	৯	৬	১	২	০

খ. বিভিন্ন সরকারী সংস্থার সাথে তথ্য আদান প্রদান

০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী তদন্ত সংক্রান্ত বিষয়ে অন্যান্য সংস্থা থেকে প্রাপ্ত পত্র সমূহ মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন (এমআইআই) Control Point হিসেবে কাজ করে থাকে।

গ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত পদক্ষেপ

কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সংশ্লিষ্ট ট্রেডহোল্ডার কোম্পানিসমূহের উপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে।

গৃহীত পরিদর্শন প্রতিবেদনের উপর ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে এসএমএমআই বিভাগ কর্তৃক সম্পাদিত পদক্ষেপসমূহ নিম্নরূপ:

পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান	পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা	বর্ধিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা	মোট প্রতিবেদনের সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	এসএমএমআই বিভাগ কর্তৃক সতর্ক পত্র প্রেরণ	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন
ডিএসই	-	৩০	৩০	২৭	০	৩	০
সিএসই	-	১৩	১৩	৪	০	৯	০
মোট	-	৪৩	৪৩	৩১	০	১২	০

ঘ. ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

এসএমএমআই বিভাগ, স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পাদিত হয়েছে:

কাজের বিবরণ	সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সংখ্যা	
	সিএসই	ডিএসই
স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা	২৮	৩৫
স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সাথে সভা	০	৭

ঙ. মার্চেন্ট ব্যাংকার্স এর ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে এ বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্স এর ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

দরখাস্তের বিষয়	পূর্বের অনিষ্পত্তিকৃত দরখাস্তের সংখ্যা	বর্ধিত সময়কালে প্রাপ্ত দরখাস্তের সংখ্যা	মোট দরখাস্তের সংখ্যা	কমিশনের অনুমোদন	কমিশনের প্রত্যাখান	প্রক্রিয়াধীন
ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ	০১	০৫	০৬	০৪	০	০২
শূন্য পদে ব্যবস্থাপনা পরিচালক/ সিইও নিয়োগের সময়সীমা বর্ধিতকরণ	-	০২	০২	০	০১	০১
মোট	০১	০৭	০৮	০৪	০১	০৩

০৮. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক অর্থদণ্ড আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও গুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নরূপ:

ক্রম	বিবরণ	অর্থদণ্ড	সর্তকীকরণ	নিষ্পত্তিকরণ	মোট
১	ইস্যুয়ার কোম্পানী/পরিচালক	০৬	০৬	০	১২
২	স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি	০৩	০৭	০	১০
৩	ফান্ড ম্যানেজার	০১	০১	০	০২
৪	বিনিয়োগকারী	০৩	০৪	০	০৭
৫	অন্যান্য	০৭	২৩	০	৩০
	সর্বমোট	২০	৪১	০	৬১

০৯. আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ/ওয়েবিনার/সভা/সিম্পোজিয়ামে অংশগ্রহণের নিমিত্তে যাবতীয় কার্যাবলি সম্পাদন করে থাকে। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের যাবতীয় কার্যক্রম নিম্নরূপ:

ক্রম	কার্যক্রম	বিবরণ
১	পুঁজিবাজার সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার ভার্চুয়াল ও আয়োজকের অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণের আয়োজন ও অংশগ্রহণ	নিম্নোক্ত প্রশিক্ষণ/ওয়েবিনার/সেমিনার/কনফারেন্সসমূহে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়: ১. মুডি (Moody) কর্তৃক আয়োজিত 'Exploring Unified Risk Management' শীর্ষক ওয়েবিনার; ২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগ ও বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের কেন্দ্রীয় শরীয়াহ বোর্ড কর্তৃক যৌথভাবে আয়োজিত আন্তর্জাতিক ইসলামিক ফিন্যান্স ও ব্যাংকিং কনফারেন্স; ৩. IOSCO-Wharton কর্তৃক যৌথভাবে আয়োজিত 'Financial Technologies and Regulatory Implications' শীর্ষক অনলাইন ফিনটেক কোর্স; এবং ৪. 'Machine-Assisted Capacity Building Tool for Standards Implementation ('MASI')' বিষয়ক ভার্চুয়াল প্রশিক্ষণ সেশন;
২	আন্তর্জাতিক সংস্থা হতে প্রাপ্ত Query ও Survey এর প্রাসঙ্গিকতা যাচাইপূর্বক তাতে অংশগ্রহণ	১. Platform Engagement এর সফলতা পরিমাপকল্পে IOSCO APRC এর Scam Working Group কর্তৃক প্রেরিত Survey এ ইনপুট প্রদান করা হয়েছে।
৩	বিশ্বের বিভিন্ন দেশ ও সংস্থার সাথে কৌশলগত সম্পর্ক স্থাপন	১. কমিশন ও UNDP এর মধ্যকার টেকসই অর্থায়নে সহযোগিতা বিষয়ক MoU টি ২৮ জানুয়ারি ২০২৬ তারিখে স্বাক্ষরিত হয়েছে; ২. যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (US SEC) কর্তৃক চাহিত তথ্যাদি IOSCO MMoU মোতাবেক প্রেরণ করা হয়েছে; এবং ৩. Dr. Kabir Ahmed Sidhu পাকিস্তানের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় অভিনন্দন পত্র প্রেরণ করা হয়েছে।

১০. কর্পোরেট রিপোর্টিং

কমিশনের নতুন অর্গানোগ্রাম অনুযায়ী, চিফ অ্যাকাউন্টেন্ট ডিভিশনের অধীনে দুটি বিভাগ রয়েছে যথা:

- ক) অ্যাকাউন্টিং এবং অডিটিং পলিসি বিভাগ
- খ) কর্পোরেট রিপোর্টিং বিভাগ।

কর্পোরেট রিপোর্টিং বিভাগের প্রধান কাজগুলি নিম্নরূপ: -

১. তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক বার্ষিক এবং অন্তর্বর্তী আর্থিক বিবরণী যথাসময়ে দাখিলের তদারকি;
২. তালিকাভুক্ত কোম্পানিসমূহের অন্তর্বর্তী আর্থিক বিবরণী পর্যালোচনা;
৩. তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;
৪. আইপিও/কিউআইও/আরপিও/রাইট ইস্যুর মাধ্যমে উত্তোলিত মূলধনের ব্যবহার প্রতিবেদন তদারকি;
৫. ইন্সপেকশন/ ইনকোয়ারি/ ইনভেস্টিগেশন এর প্রস্তাব উত্থাপন; এবং
৬. কমিশন কর্তৃক নির্ধারিত যে কোন কাজ সম্পাদন।

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে কর্পোরেট রিপোর্টিং ডিপার্টমেন্টের সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

রেগুলেটরি সাবমিশন

সূচকসমূহ	জমাকৃত প্রতিবেদনের সংখ্যা
কোম্পানির নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী জমা	১৪
প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী জমা	০৪
দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী জমা	৬৬
তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী জমা	০৩
আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ জমা	১৪

রেগুলেটরি কার্যক্রম

সূচকসমূহ	কার্যক্রমের সংখ্যা
নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী	
আরও তথ্য বা ব্যাখ্যা চাওয়া হয়েছে	০৪
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০১
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
স্বতন্ত্র বহি: নিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/ এডভার্স অপিনিয়ন/ ডিসক্রেইমারের সংখ্যা	০২
প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০১
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০

সূচকসমূহ	কার্যক্রমের সংখ্যা
দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০১
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০০
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০১
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ	
তহবিল ব্যবহারের প্রতিবেদনসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০২
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ	
সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	২৪

১১. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

কমিশনের আইসিটি অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ, ই-সার্ভিস প্রবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ ও ডিজিটাইজড পুঁজিবাজার মনিটরিং সিস্টেম বিনির্মাণ করাই এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

কমিশনের এমআইএস বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

- দাপ্তরিক কাজের জন্য সরকারের ডি-নথি সিস্টেম ব্যবহারে টেকনিক্যাল সহায়তা প্রদান করা;
- দাপ্তরিক কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপন ও মেইনটেন্যান্স সেবা প্রদান করা;
- অনলাইন সভাসহ বিভিন্ন সভা/সেমিনার/প্রেজেন্টেশনের জন্য টেকনিক্যাল সহায়তা প্রদান করা;
- ২০০ এমবিপিএস গতির নিরবচ্ছিন্ন ইন্টারনেট (১০০ এমবিপিএস রিডানডেন্ট সংযোগ ব্যবস্থাসহ) সেবা নিশ্চিত করা;
- কমিশনের ডিজিটাল তথ্যাবলি সংরক্ষণ ও ব্যাক-আপ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- তথ্য প্রযুক্তি (IT) সংক্রান্ত ক্রয়ের Technical Specification প্রস্তুত করা;
- কমিশনের তথ্যের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
- কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের Information Security Awareness এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- কমিশনের টেন্ডার প্রক্রিয়া e-GP পোর্টাল এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
- কমিশনের বিভিন্ন বিভাগের চাহিদা মোতাবেক সিস্টেম ডেভেলপমেন্ট / মডিফিকেশন / আপগ্রেডেশন / মেইনটেন্যান্সের কাজ করা; এবং
- কমিশনের ওয়েবসাইটটি (ডোমেইন- www.sec.gov.bd) সর্বদা চালু রাখা, তথ্য হালনাগাদ করা এবং সাইবার নিরাপত্তা নিশ্চিত করা ইত্যাদি।

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে সম্পাদিত/চলমান কার্যক্রমসমূহ:

১. IT Support Ticket Management System (ITMS)-এর মাধ্যমে ৫১টি (Ticket Status - Closed/In Review) আইটি সহায়তার অনুরোধ নিষ্পত্তি করা হয়েছে। ITMS টিকেট ব্যতীত কর্মকর্তাদের ফোন/ইমেইল/মৌখিক দাপ্তরিক নির্দেশনা প্রেক্ষিতে ৩৬২টি আইটি সহায়তার অনুরোধ যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে।

২. কমিশনের ওয়েবসাইটে উক্ত সময়ে নিম্নলিখিত তথ্যগুলো আপলোড করা হয়েছে:

- আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি : ০২টি;
- এনফোর্সমেন্ট অ্যাকশন : ২৭টি;
- প্রেস বিজ্ঞপ্তি : ১৯টি; এবং
- অন্যান্য প্রাপ্ত তালিকা

১২. লিগ্যাল সার্ভিস বিভাগ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর মামলা সংক্রান্ত তথ্যাদি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর পক্ষে-বিপক্ষে আদালতে ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে বিভিন্ন আদালতে ১০টি মামলা দায়ের করা হয়। তন্মধ্যে ১৮টি মামলা নিষ্পত্তি হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে-বিপক্ষে দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলা সমূহের বর্ণনা নিম্নরূপ:

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে কমিশন কর্তৃক ও কমিশনের বিপক্ষে দায়েরকৃত মামলা

বিএসইসি কর্তৃক/ বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা	মামলা সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা	১০	সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ করে এবং অন্যান্য কারণে বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগে ১০টি রিট মোকাদ্দমা দায়ের করা হয়।

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে নিষ্পত্তিকৃত মামলা:

নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
১৮	বর্ণিত সময়কালে ১৮টি মামলা কমিশনের পক্ষে/বিপক্ষে নিষ্পত্তি হয়।

১৩. ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন

মিউচুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন বিভাগ

মিউচুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন বিভাগ প্রধানত মিউচুয়াল ফান্ড ও এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড নিবন্ধন, অবসায়ন, রূপান্তর, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে থাকে।

ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ ০১টি মিউচুয়াল ফান্ডের ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করেছে।

ক্রম	ফান্ডের নাম	ফান্ডের আকার (কোটি টাকায়)	অনুমোদনের তারিখ
০১.	এসইএমএল লেকচার ইকুইটি ম্যানেজমেন্ট ফান্ড (রূপান্তরিত)	৫০.০০	১৫.০৩.২০২৬
	সর্বমোট	৫০.০০	

ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ কোন মিউচুয়াল ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেনি।

ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ ০৫টি মিউচুয়াল ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে।

ক্রম	ফান্ডের নাম	ফান্ডের আকার (কোটি টাকায়)	অনুমোদনের তারিখ
০১	মিডল্যান্ড ব্যাংক গ্রোথ ফান্ড	২৫.০০	১৮.০১.২০২৬
০২	মিডল্যান্ড ব্যাংক ব্যালেন্সড ফান্ড	২৫.০০	১৮.০১.২০২৬
০৩	সন্ধানী এএমএল এসএলএফএল শরিয়াহ ফান্ড	২৫.০০	১৫.০১.২০২৬
০৪	লক্ষাবাংলা ফিক্সড ইনকাম ফান্ড	২৫.০০	১৬.০৩.২০২৬
০৫	এসইএমএল লেকচার ইকুইটি ম্যানেজমেন্ট ফান্ড (রূপান্তরিত)	৫০.০০	১৫.০৩.২০২৬
	সর্বমোট	১৫০.০০	

ফান্ডের তদারকি সংক্রান্ত কার্যাবলী

মিউচুয়াল ফান্ডের উপর পরিচালিত পরিদর্শন কার্যক্রম

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে মিউচুয়াল ফান্ডের উপর কোন পরিদর্শন আদেশ জারি করা হয়নি।

মিউচুয়াল ফান্ডের উপর পরিচালিত তদন্ত কার্যক্রম

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে মিউচুয়াল ফান্ডের উপর কোন তদন্ত আদেশ জারি করা হয়নি।

দাখিলকৃত তদন্ত /পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত পদক্ষেপ

কমিশনের তদন্ত/পরিদর্শন দল মিউচুয়াল ফান্ডের উপর তদন্ত /পরিদর্শন কার্যক্রম পরিচালনাপূর্বক কমিশনের নিকট প্রতিবেদন

দাখিল করে। প্রতিবেদনের ভিত্তিতে ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহন করা হয়েছে:

পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা	বর্ণিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা	মোট প্রতিবেদনের সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	ব্যবস্থা গ্রহন ব্যতিরেকে নিষ্পত্তি	প্রক্রিয়াধীন
০০	০১	০১	০১	০০	০০

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ প্রধানত অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিবন্ধন, অবসায়ন, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে থাকে।

ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ কর্তৃক কোন ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন দেয়নি।

ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ কর্তৃক কোন ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করা হয়নি।

ফান্ডের তদারকি সংক্রান্ত কার্যাবলী

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর পরিচালিত পরিদর্শন কার্যক্রম

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর কোন পরিদর্শন কার্যক্রম গ্রহণ করা হয়নি।

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর পরিচালিত তদন্ত কার্যক্রম

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর কোন তদন্ত কার্যক্রম গ্রহণ করা হয়নি।

ফান্ড ম্যানেজার কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

উক্ত ডিভিশন, ফান্ড ম্যানেজার কর্তৃক দাখিলকৃত অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পাদিত হয়েছে:

কাজের বিবরণ	সংখ্যা
ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর পর্যবেক্ষণ উপস্থাপন	০৩
ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষাপূর্বক এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	০১

১৪. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্স আয়োজন করে থাকে, যা বিনিয়োগকারীদের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়াও এই ডিভিশন বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, পুঁজিবাজারের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত ব্যক্তিদের প্রশিক্ষণ এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন এবং উক্ত বিভাগের তত্ত্বাবধানে ডিএসই ও সিএসই কর্তৃক পরিচালিত ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালের কার্যাবলি নিম্নরূপ:

ক্রম	বিবরণ	অংশগ্রহণকারী (জন)
১।	বিনিয়োগকারীদের প্রশিক্ষণ	৪৬৩
	সর্বমোট	৪৬৩

১৫. ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ডিপার্টমেন্টের সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

দেশে একটি কার্যকর ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস বাজার প্রতিষ্ঠার লক্ষ্যে Bangladesh Securities and Exchange Commission (Financial Derivatives Exchange) Rules, 2025-এর খসড়া পর্যালোচনার জন্য কমিশন পাঁচ (০৫) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে। কমিটি তাদের পর্যালোচনা প্রতিবেদন গত ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে কমিশনে দাখিল করে। এই প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে ইতোমধ্যে ডিএসইসি-কে দক্ষ ও অভিজ্ঞ সদস্যদের সমন্বয়ে একটি দল গঠনপূর্বক ফিজিবিলিটি স্টাডি কার্যক্রম শুরু করার জন্য কমিশন হতে পত্র জারি করা হয়েছে।

১৬. কমোডিটি প্রোডাক্ট

২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে কমোডিটি প্রোডাক্ট ডিপার্টমেন্টের সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

Bangladesh Securities and Exchange Commission (Commodity Exchange) Rules, 2023 এর আওতায় দেশে প্রথমবারের মত কমোডিটি ডেরিভেটিভস-এর ট্রেডিং চালুকরণের লক্ষ্যে কমিশনের কমোডিটি প্রোডাক্ট বিভাগ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এর অংশ হিসেবে কমোডিটি ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধির মধ্যে চুক্তির খসড়া চূড়ান্তকরণের জন্য কমোডিটি প্রোডাক্ট বিভাগ কমিশনের আইন বিভাগের সমন্বয়ে কাজ করছে।

১৭. জনসংযোগ বিভাগ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের জনসংযোগ বিভাগ কমিশনের জনসংযোগ বিষয়ে প্রয়োজনীয় কার্যাবলি সম্পন্ন করে। জনসংযোগ বিভাগ কমিশনের কার্যক্রম সম্পর্কে গণমাধ্যম ও সংশ্লিষ্ট অংশীজনদের অবহিতকরণ, গণমাধ্যমের সাথে সমন্বয় রক্ষা, কমিশনের বিভিন্ন প্রচার ও যোগাযোগমূলক কার্যক্রম পরিচালনা এবং কমিশনের ভাবমূর্তি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে জনসংযোগ বিভাগের কার্যক্রমসমূহ নিম্নরূপ:

০১. “বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫” এর পুরস্কার প্রদান অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে পুঁজিবাজারে কর্মরত সাংবাদিকদের ‘প্রিন্ট মিডিয়া’, ‘ইলেক্ট্রনিক মিডিয়া’ ও ‘অনলাইন মিডিয়া’-এই তিনটি ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হয়। প্রতি ক্যাটাগরিতে একজন মূল বিজয়ীর পাশাপাশি দুইজনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়।
০২. জনসংযোগ বিভাগের সহযোগিতায় কমিশন কর্তৃক মোট ১৯ (উনিশ) টি প্রেস বিজ্ঞপ্তি ইস্যু হয়েছে। ইস্যুকৃত প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.বিসিবিডি.বাংলা) প্রকাশিত হয়েছে।

১৮. মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন

কমিশনে এক্সচেঞ্জ অ্যাফেয়ার্স সেকশন ও ইস্যুয়ার কোম্পানি অ্যান্ড আদার ইন্টারমেডিয়েরিজ অ্যাফেয়ার্স সেকশন নামে দুইটি সেকশন নিয়ে মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট গঠিত। কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট কর্তৃক ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে সম্পাদিত কার্যাবলী নিম্নরূপ:

১. মার্কেট ম্যানিপুলেশন, গুজব ও নাশকতা সংক্রান্ত অনলাইন ও অফলাইন গোয়েন্দা তথ্য সংগ্রহ করার কাজ চলমান রয়েছে।
২. সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচালিত বিভিন্ন প্রতারণামূলক কর্মকাণ্ডের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১টি বিষয়ে অনুসন্ধানে প্রাপ্ত তথ্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয়েছে।

এছাড়াও উল্লিখিত সময়ে কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট নিম্নে উল্লিখিত কার্যক্রম সম্পাদন করেছে:

ক্রম	কার্যাবলী
০১	সন্দেহজনক লেনদেনের সাথে জড়িত ব্যাংক অ্যাকাউন্ট সমূহের তথ্য সংগ্রহ ও প্রয়োজনীয় ক্ষেত্রে তদন্ত/অনুসন্ধান প্রস্তাব করা;
০২	“বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পুঁজিবাজার সংশ্লিষ্ট বিধি-বিধান লঙ্ঘন সংক্রান্ত তথ্য প্রকাশ ও তথ্য প্রকাশকারীর (Whistleblower) সুরক্ষা প্রদান বিধিমালা, ২০২৬” এর বিষয়ে মতামত প্রদান করা;
০৩	Prosperia Securities Group Ltd. সহ অন্যান্য অনলাইন প্ল্যাটফর্মে প্রতারণামূলক কর্মকাণ্ডের বিষয়ে সতর্কীকরণের নিমিত্তে DSE, CSE, CBDL, CCBL, BICM এবং BASM এর ওয়েবসাইটে প্রচারের জন্য সতর্কবার্তা প্রদান করা;
০৪	অনলাইন প্ল্যাটফর্মে প্রতারণামূলক কর্মকাণ্ডে (Prosperia Securities Group Ltd.) জড়িত সন্দেহজনক ব্যাংক অ্যাকাউন্ট সমূহের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;

কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট পুঁজিবাজারের সম্ভাব্য অনিয়ম ও এর সাথে জড়িত ব্যক্তিগণের ব্যাপারে তথ্য সংগ্রহের নিমিত্তে কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট নিয়মিত অনলাইন ও অফলাইন মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে।

(ক) ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অনুসন্ধান/তদন্ত সম্পর্কিত তথ্য:

ক্রম	বিবরণ	সংখ্যা
১	ইস্যুকৃত অনুসন্ধান / তদন্ত আদেশ	২৪
২	অনুসন্ধান কমিটি কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন	২১

(খ) ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের ২০২৬ সালের জানুয়ারি-মার্চ সময়কালে পরিদর্শন সম্পর্কিত তথ্য:

ইস্যুকৃত আদেশ সংখ্যা	দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা
০৪	০৬

১৯. স্টক এক্সচেঞ্জ এর লেনদেন সম্পর্কিত তথ্যাবলি

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি

জানুয়ারি-মার্চ ২০২৬

মাস	ডিএসই ব্রড ইনডেক্স (DSEX)	বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যা)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
১	২	৩	৪	৫	৬	৭	৮
জানুয়ারি	৫,১৫৪.৩১	৬,৯৫০,৮১৯.৮০	২১	৩,৩৪৮.০০	১৫৯.৪৩	১০৪,১৭৬.৯৫	৪,৯৬০.৮১
ফেব্রুয়ারি	৫,৬০০.২৭	৭,১৮৩,৬৪৮.১২	১৭	৪,৯৩৫.৬৪	২৯০.৩৩	১৩৪,৯৫৯.৫৫	৭,৯৩৮.৮০
মার্চ	৫,১৭৮.৩১	৬,৮৮৮,৩৩৪.৮৫	১৭	৪,৬৮৮.৫৫	২৭৫.৮০	১০২,১৫৩.২৯	৬,০০৯.০২
মোট =	-	-	৫৫	১২,৯৭২.১৯	২৩৫.৮৬	৩৪১,২৮৯.৭৯	৬,২০৫.২৭

- মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য।

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

জানুয়ারি-মার্চ ২০২৬

মাস	সকল শেয়ারের মূল্যসূচক	বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যা)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
১	২	৩	৪	৫	৬	৭	৮
জানুয়ারি	১৪,৪৬৯.৩৭৫২	৭,০১৪,৬৬৫.২২	২১	৩৭.১৬	১.৭৭	২,১২৪.০৫	১০১.১৫
ফেব্রুয়ারি	১৫,৫৯৭.১৪১৯	৯,১৫৪,২৯৫.২৯	১৭	৭৩.২৭	৪.৩১	২,৩৩১.৭৫	১৩৭.১৬
মার্চ	১৪,৫৭৮.৭৫৬৯	৮,৯৬৫,৫৮৮.২২	১৭	১৫০.০০	৮.৮২	৪,৮৮০.০৯	২৮৭.০৬
মোট =	-	-	৫৫	২৬০.৪৩	৪.৭৪	৯,৩৩৫.৮৯	১৬৯.৭৪

- মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য।

উৎস: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি।

বিএসইসি ওয়েবসাইটের বিষয়বস্তু

বিএসইসি সম্পর্কিত ★ উল্লেখযোগ্য ঘটনা ★ প্রেস রিলিজ ★ সিকিউরিটিজ আইন ★ বিনিয়োগকারীর তথ্য
আইপিও প্রসপেক্টাস ★ বার্ষিক প্রতিবেদন ★ ত্রৈমাসিক প্রতিবেদন ★ এনফোর্সমেন্ট অ্যাকশনস্
বাজার মধ্যস্থতাকারীদের তালিকা ★ কর্মসংস্থান তথ্য ★ দরপত্র তথ্য
বিধি সংশোধনে মন্তব্যের অনুরোধ গুরুত্বপূর্ণ লিঙ্ক

রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
পিএবিএক্স (আইপি- ফোন): +৮৮০-৯৬০৯১০০৬০০
ফোন: +৮৮০-২-৪৪৮২৬৫৩১-২, ফ্যাক্স: +৮৮০-২-৪৪৮২৬৫০৬

যা আছে

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd